



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা ১৪৩৩

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/গাইবান্ধা-২৯/১২১/১৬

তারিখঃ ১৩/০২/২০১৭খ্রিঃ


বিষয় : তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলাধীন দশলাল এম, ইউ দাখিল মাদরাসার সুপার ও ম্যানেজিং কমিটির সভাপতি জনাব আব্দুন নূর প্রধান এর বিরুদ্ধে কাউকে না জানিয়ে গোপনে ম্যানেজিং কমিটি গঠনের প্রক্রিয়াকরণ, প্রাপ্যতা না থাকা সত্ত্বেও অবৈধভাবে মাদরাসার শিক্ষক শফিকুল ইসলামকে টাইমস্কেল প্রদান, পিতা ও মাতা জীবিত থাকা সত্ত্বেও নানাকে অভিভাবক সদস্য বানানোসহ বিভিন্ন অনিয়মের বিষয়ে কমিটির অভিভাবক সদস্য জনাব মোঃ আবু সাঈদ মন্ডল একথানা অভিযোগপত্র দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় উপরিলিখিত অভিযোগসমূহের বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক.....(.....) পাতা।

প্রাপ্তকঃ উপজেলা নির্বাহী অফিসার
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।


২৩/২/১৭
প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

নং- বামাশিবো/প্রশা/গাইবান্ধা-২৯/

তারিখঃ /০২/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, গাইবান্ধা।
২. জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৪. সভাপতি- ম্যানেজিং কমিটি, দশলাল এম, ইউ দাখিল মাদরাসা, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৫. সুপার, দশলাল এম, ইউ দাখিল মাদরাসা, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৬. জনাব মোঃ আবু সাঈদ মন্ডল, অভিভাবক সদস্য- ম্যানেজিং কমিটি, দশলাল এম, ইউ দাখিল মাদরাসা, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৭. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪

সংখ্যা ০১৭৪০ দি ৬ মে ১৯৮৮

০৪ ১১.১

বরাবর,

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

তারিখঃ.....

বিষয়ঃ অভিযোগ প্রসঙ্গে।

জনাব,

আমি মোঃ আবু সাঈদ মন্ডল, পিতা-মৃত- আব্বাস আলী মন্ডল, সাং- দশলাল, ডাকঘর-বিরাত, উপজেলা- গোবিন্দগঞ্জ, জেলা-গাইবান্ধা। এই মর্মে লিখিত ভাবে অবহিত করিতেছি যে, আমি দশলাল এম,ইউ দ্বি-মুখী দাখিল মাদ্রাসার বর্তমান ম্যানেজিং কমিটির অভিভাবক সদস্য। বর্তমানে অত্র মাদ্রাসার ম্যানেজিং কমিটির নিয়মনীতি ভঙ্গ করিয়া মাদ্রাসার সুপার আবু বকুর সিদ্দিক এবং সভাপতি, আব্দুর নূর প্রধান গোপনে এবং অবৈধভাবে বর্তমান ম্যানেজিং কমিটির সদস্যগণকে না জানাইয়া নতুন কমিটি গঠন প্রক্রিয়া চালাইতেছে। এমতাবস্থায় মাদ্রাসায় কমলমতি ছাত্র-ছাত্রীগণের মঙ্গলার্থে অত্র মাদ্রাসার সুপার এবং সভাপতির উক্তরূপ অবৈধ কার্যক্রম যাহাতে পরিচালনা না করিতে পারে। তজ্জন্য আপনার হস্তক্ষেপ একান্ত আবশ্যিক আরও উল্লেখ্য যে, অত্র মাদ্রাসার শিক্ষক শফিকুল ইসলামের টাইম স্কেল পাওয়ার যোগ্যতা না থাকা স্বত্ত্বেও অত্র মাদ্রাসার সুপার ও সভাপতি তাহা এমপিও ভুক্ত করিয়া টাকা উত্তোলন করিয়াছে। উল্লেখ্য যে, পিতা ও মাতা জীবিত থাকা স্বত্ত্বেও নানাকে অভিভাবক সদস্য বানানো হচ্ছে।

বিধায় প্রার্থনা অত্র বিষয়টি আমলে লইয়া সরেজমিনে তদন্ত করিয়া দশলাল এম,ইউ দাখিল মাদ্রাসার সুপার এবং সভাপতির বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণে মর্জি হয়।

বিনীত নিবেদক

সংযুক্তিঃ

- ১। দৈনিক মুক্ত জমিন, তারিখঃ ২৭ জানুয়ারী ২০১৭ইং।
- ২। কাটাখালী পত্রিকায় অভিযোগ পত্র, ২৫ জানুয়ারী ২০১৭ইং।

স্বাক্ষর: মোঃ আবু সাঈদ

(মোঃ আবু সাঈদ মন্ডল)

অভিভাবক সদস্য

দশলাল এম,ইউ দাখিল মাদ্রাসা
বিরাত, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।